# Mother Color Limited

**Shashongoan, Enayetnagar, Fatullah, Narayanganj**

## Environmental Policy & Procedure

## পরিবেশ সংক্রান্ত নীতিমালা

| Doc No: MCL/EMS/2019/03-01 | Revision: 01 | Date:05/03/2019 |
|---|---|---|

**DISTRIBUTE TO**

- Managing Director
- Resident Director
- Manager (Admin, HR & Compliance)

**DOCUMENT REVISION HISTORY**

| Revision Status | Date | Change Description |
|---|---|---|
| 00 | 01/08/2016 | New |
| 01 | 05/03/2019 | Revised |

| Prepared by: | Approved By: |
|---|---|
| Management Representative | Managing Director |

MOTHER COLOR LIMITED Fatullah N.gonj

**পটভূমি (Introduction)ঃ**

মাদার কালার লিমিটেড একটি ১০০% পোশাক প্রস্তুতকারী শিল্প-প্রতিষ্ঠান যা সুদীর্ঘকালব্যাপী বাংলাদেশের পোশাক রপ্তানীখাতে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। প্রতিষ্ঠানটির উর্ধ্বতন কর্তৃপক্ষ যথাযথ পরিবেশ এবং স্বাস্থ্যগত ঝুঁকি ও দূষণ রোধ এর বিষয়ে খুবই সচেতন এবং তা নিশ্চিতকরণে প্রতিজ্ঞাবদ্ধ। পরিবেশ এবং স্বাস্থ্যগত ঝুঁকি ও দূষণ রোধ একটি অত্যাবশ্যকীয় বিষয় যা পরিবেশ সংক্রান্ত নীতিমালাটির সঠিক প্রয়োগের মাধ্যমে অনেকটা নিশ্চিত করা সম্ভব।

**পরিধি (Scope)ঃ**

ডাইং, ফিনিশিং, প্রিন্টিং ও সুইং সহ কারখানার ভিতরে ও বাহিরের পরিবেশ এই নীতিমালাটির আওতাভূক্ত।

**উদ্দেশ্য (Objectives)ঃ**

মাদার কালার লিমিটেড পরিবেশ সংরক্ষন সংক্রান্ত নীতিমালাগুলো নিম্নোক্ত গাইড লাইন অনুযায়ী পরিচালিতঃ-

১) ZDHC (Zero Discharge of Hazardous Chemical)
২) STeP (Sustainable Textile Production)
৩) GOTS (Global Organic Textile Standard)
৪) OCS (Organic System Plan)
৫) RCS (Recycled Claim Standard)
৬) MRSL (Manufacturing Restricted Substances List) for other customers.

**যোগাযোগ (Communication)ঃ**

পরিবেশ নীতিমালাটি সম্পর্কে সকলকে জানানোর ব্যবস্থা করা।

**উপসংহার (Conclusion)ঃ**

পরিবেশ ব্যবস্থাপনা নীতিমালাটি (Environmental Policy) প্রতিষ্ঠানে যথাযথভাবে অনুসরন করা হবে।

অনুমোদন ক্রমেঃ

ব্যবস্থাপনা পরিচালক
মাদার কালার লিমিটেড

MOTHER COLOR LIMITED
Fatullah N.gonj

অনুলিপিঃ
১) সকল বিভাগীয় প্রধান
২) নোটিশ বোর্ড
৩) অফিস কপি

নিম্নোক্ত পদ্ধতি সমূহ পরিবেশ এবং স্বাস্থ্যগত ঝুঁকি ও দূষণ রোধ সংক্রান্ত বিষয় বিবেচ্য হবে যা মাদার কালার লিমিটেড এর জন্য প্রযোজ্যঃ-

## ১। বায়ু দূষণ রোধ সংক্রান্ত নীতিমালা ঃ

ক। কারখানার চারপাশে সম্ভাব্য সকল স্থানে উপযুক্ত প্রজাতির ও সংখ্যার বৃক্ষরোপন পূর্বক সবুজ বেষ্টনী গড়ে তুলতে হবে।

খ। কারখানার অভ্যন্তরে শ্রমিকদের স্বাস্থ্য সম্মত গ্রহনযোগ্য মাত্রার পর্যাপ্ত বায়ু সঞ্চালন নিশ্চিত করতে হবে।

গ। কারখানার সৃষ্ট দূষিত ধোঁয়া দ্বারা পারিপার্শ্বিক বায়ু দূষণ করা যাবে না ।

ঘ। একান্তই দূষিত ধোঁয়া নিঃসরনের প্রয়োজন হলে তা নিয়ন্ত্রনের মধ্যে রাখতে হবে এবং লক্ষ্য রাখতে হবে যে, উহা যেন কারখানার শ্রমিক ও স্থানীয় জনসাধারনের স্বাস্থ্য হানির কারন না হয় ।

ঙ। গার্মেন্টস এর বর্জ্য ধোঁয়া স্বাস্থ্যসম্মতভাবে কর্মরত শ্রমিকদের নিকট থেকে যথাসম্ভব নিরাপদ দুরত্বে নির্গমন করতে হবে ।

চ। কারখানার বর্জ্য কেমিক্যাল হতে নিঃসরিত গ্যাস মানব দেহের জন্য ক্ষতিকর বিধায় তা নিয়মিতভাবে অপসারন করার ব্যবস্থা করতে হবে ।

ছ। লোকালয় বা জন সমাগমের স্থানে কোন কেমিক্যাল বা পচনশীল বর্জ্য ফেলা যাবে না ।

জ। শ্রমিকদের স্বাস্থ্যসম্মত বাতাস প্রাপ্তি নিশ্চিত করতে কারখানার ভিতরে বা কোন বদ্ধ স্থানে পর্যাপ্ত এক্সজষ্ট ফ্যানের ব্যবস্থা করতে হবে ।

ঝ। দূর্ঘটনা জনিত কারনে কখনো বায়ু দূষণ ঘটলে তা কারখানা ও স্থানীয় লোকজনকে দ্রুত অবগত করনের মাধ্যমে জরুরী ভিত্তিতে দূর্ঘটনার স্থান থেকে সরানোর ব্যবস্থা করতে হবে ।

ঞ। গার্মেন্টস কারখানার সুইং সেকশনে উড়ন্ত কণা ব্যাপকভাবে বায়ু দূষণ ঘটায়, বিধায় কার্যরত সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে ।

ট। এ ছাড়াও কারখানায় কাজের সময় সকলকে মাস্ক পরিধান করতে হবে।

ঠ। কারখানা কর্তৃপক্ষ প্রতি বৎসর একটি নিয়মিত পর্ষদ গঠনের মাধ্যমে অত্র কারখানা এলাকার বায়ু দূষণ সংক্রান্ত সার্বিক পরিস্থিতি যাচাই করবেন এবং পর্ষদের প্রস্তাবনার আলোকে প্রয়োজনীয় কার্যাবলী সম্পন্ন করবেন ।

ড। বায়ু দূষণ ও এর প্রতিরোধ সম্পর্কে সকল স্তরের কর্মচারীদের অবহিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত সকল সেকশন ইনচার্জগণ এ ব্যাপারে মূখ্য ভুমিকা পালন করবেন এবং নিয়মিত প্রচার ও প্রেষণার ব্যবস্থা করবেন ।

ঢ। পরিবেশ অধিদপ্তর থেকে কোন কারনে বায়ু দূষণ সম্পর্কে কোন অভিযোগ উত্থাপিত হলে তড়িৎ ব্যবস্থা গ্রহনের মাধ্যমে তার সমাধান করতে হবে ।

## ২। পানি দূষণ রোধ সংক্রান্ত নীতিমালা ঃ

ক। কারখানার বর্জ্য, কেমিক্যাল বা দূষিত পানি/তরল সরাসরি নদীতে ফেলা যাবে না।

খ। কারখানার নিজস্ব পানির বিশুদ্ধতা নিয়মিত যাচাই করতে হবে এবং তার ফলাফল রেজিষ্টারে সংরক্ষন করতে হবে। এ ছাড়া রেজিষ্টারের সকল উপাত্ত পরিবেশ অধিদপ্তর চাহিবামাত্র উপস্থাপনের জন্য প্রস্তুত রাখতে হইবে ।

গ। কারখানা এলাকায় কর্মরত ও বসবাসরত কর্মকর্তা বা কর্মচারীদেরকে সার্বক্ষনিকভাবে সুপেয় পানির ব্যবস্থা করা হবে।

ঘ। অত্র কারখানায় কর্মরত চিকিৎসক সরবরাহকৃত পানযোগ্য পানির বিশুদ্ধতা নিযমিত পরীক্ষা করবেন এবং কোন সমস্যা হলে তৎক্ষনাৎ ম্যানেজার (এইচ আর এন্ড কমপ্লায়েন্স)-কে অবহিত করবেন।

ঙ। কারখানায় দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক প্রয়োজন অনুযায়ী বিতরনকৃত পানযোগ্য পানির নমুনা স্থানীয় থানা স্বাস্থ্য কেন্দ্র হতে পরীক্ষার ব্যবস্থা করবেন। পানিতে কখনো আর্সেনিকের উপস্থিতি প্রমানিত হলে উহা অতিসত্ত্বর কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

চ। কখনো স্থানীয় জনসাধারন বা সরকারী কর্তৃপক্ষ হতে অত্র কোম্পানীর বিরুদ্ধে পানি দূষণের অভিযোগ উত্থাপিত হলে পরিচালক তা দ্রুত রোধ করার ব্যবস্থা করবেন এবং পরবর্তীতে একটি তদন্ত পর্ষদ গঠনের মাধ্যমে উহার সঠিকতা, কারণ ও প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

## ৩। শব্দ দূষণ রোধ সংক্রান্ত নীতিমালা ঃ

ক। কারখানার যে সকল মেশিন উচ্চ শব্দ সৃষ্টি করে সেগুলো এমনভাবে স্থাপন করতে হবে যেন সেস্থানে কর্মরত বা আশেপাশের লোকদের ক্ষতিগ্রস্থ না করতে পারে ।

খ। উচ্চশব্দ সৃষ্টিকারী সকল মেশিন যথাযথ যন্ত্রের মাধ্যমে পরীক্ষা করে শব্দের মাত্রা নির্ধারন করতে হবে এবং মেশিনের পার্শ্বে দৃষ্টিযোগ্য স্থানে লিখে রাখতে হবে ।

গ। যে সকল মেশিন চালনার সময় মানব দেহের গ্রহনযোগ্য মাত্রার (৮০ ডি বি) চেয়ে বেশী শব্দ সৃষ্টি করে, সে সকল মেশিনের অপারেটরদের উক্ত শব্দ মাত্রা প্রতিরোধকারী হেড সেট (Ear Drum) ব্যবহার করতে হবে।

ঘ। উক্ত মেশিন সন্নিবেশিত কারখানায় পরিদর্শনকারী দর্শনার্থী বা কর্মকর্তাগনের জন্য অতিরিক্ত আরো ০৫ (পাঁচ) টি হেড সেট (Ear Drum) সংরক্ষন করতে হবে ।

ঙ। কারখানার সকল ফ্লোরগুলোতে কোন ভারী যন্ত্র চালনা, ব্যবহার, সরানো বা প্রতিস্থাপনের সময় খেয়াল রাখতে হবে যে, সৃষ্ট শব্দ যেন মাত্রাতিরিক্ত শব্দ দূষণ না ঘটাতে পারে ।

চ। কাজের সময় কর্মীরা অযথা গল্প, কথাবার্তা বা চেঁচামেচি করবে না। এতে উক্ত ফ্লোরে শব্দ দূষনের মাত্রা বৃদ্ধি পেয়ে উৎপাদন হ্রাস পাওয়ার সম্ভাবনা থাকে। এ ব্যাপারে সেকশন ইনচার্জগণ, লাইনচীফ, সুপারভাইজারগণ প্রতিনিয়ত দৃষ্টি রাখবেন ।

ছ। কারখানা এলাকায় যানবাহন সমূহের হর্ণ বাজানো সীমিত রাখতে হবে এবং মেইন গেটের পার্শ্ববর্তী এলাকাব্যতিত অন্যান্য এলাকায় হর্ণ বাজানো নিষিদ্ধ।

জ। একই বিল্ডিং বা ইমারতের বিভিন্ন ফ্লোরে গার্মেন্টস কারখানা ও শব্দ সৃষ্টিকারী কোন ইউনিট অবস্থান করলে সর্বদা লক্ষ্য রাখতে হবে যে, এগুলো যেন শব্দ দূষণ সৃষ্টি করে অন্যান্য কারখানার কর্মীদের কাজে কোনরূপ অসুবিধা সৃষ্টি না করতে পারে ।

## ৪। ঝুট ও অন্যান্য পচনশীল ও অপচনশীল বর্জ্যের অপসারন সংক্রান্ত নীতিমালা ঃ

ক। গার্মেন্টস এর সকল ছেড়া/অবশিষ্ট বর্জ্য কাপড় বা ঝুট, পলিব্যাগ, কার্টুন ও অন্যান্য আবর্জনা বর্জ্য ফেলার নির্দিষ্ট স্থানে জমা করতে হবে ।

খ। সকল ঝুট বস্তায় ভরে জমা রেখে অতি সত্ত্বর নিয়ম মোতাবেক বিক্রয় করতে হবে।

গ। পলিথিন জাতীয় কোন বর্জ্য পোড়ানো যাবে না বা নদীতে ফেলা যাবে না ।

ঘ। যে কোন ধরনের বর্জ্য, পচনশীল বা অপচনশীল বর্জ্য খোলাভাবে ফেলে রাখা যাবে না; কোন ঢাকনাযুক্ত বা ঢাকনাহীন ডাষ্টবিনে জমা করতে হবে ।

ঙ। ঝুট বিক্রির পর অবশিষ্ট বিক্রয় অযোগ্য আবর্জনা/বর্জ্য পদার্থ বর্জ্যবাহী গাড়ীতে করে বর্জ্য ডাম্প করার স্থানে ফেলে আসার ব্যবস্থা করতে হবে ।

চ। বিভিন্ন নির্মিতব্য বিল্ডিং/ইমারত অথবা কারখানার সংস্কারের কাজে ব্যবহৃত নির্মান সামগ্রীর উচ্ছিষ্ট আবর্জনা নির্মানকারী কোম্পানী/সংস্থার নিজ দায়িত্বে অপসারন করতে হবে ।

## ৫। উপসংহার ঃ

ক। শুধু প্রশাসনের পক্ষে এককভাবে পরিবেশ সংরক্ষন করা সম্ভব নয়। এ ব্যাপারে সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীকে মনোযোগী ও আন্তরিক হতে হবে।

খ। কারখানা এলাকায় দূর্ঘটনাজনিত কারনে অতি দ্রুত পরিবেশ বিনষ্ট হবার আশংকা থাকে বিধায় এ ব্যাপারে সকলকে সচেতন থাকতে হবে। এ ছাড়াও দূর্ঘটনাজনিত কারনে পরিবেশ বিপর্যয় এড়াতে কারখানার সর্বত্র বিস্তারিত নির্দেশাবলী প্রণয়ন করবে এবং সংশ্লিষ্ট সকলকে তা' নিয়মিত অবহিত রাখতে হবে।

গ। কোন সেকশন ইনচার্জ যদি কখনো খেয়াল করেন যে তার দায়িত্বাধীন এলাকা কোন পরিবেশ দূষণ করছে তবে তৎক্ষনাৎ তিনি তা প্রশাসনিক প্রধান-এর সাথে আলোচনা সাপেক্ষে প্রতিকারের ব্যবস্থা করবেন ।

**অনুমোদনক্রমে,**

MOTHER COLOR LIMITED
Fatullah
N.gonj

মো: মনসুর আহমেদ
ব্যবস্থাপনা পরিচালক
(মাদার কালার লিমিটেড)

অনুলিপিঃ
১) সকল বিভাগীয় প্রধান
২) নোটিশ বোর্ড
৩) অফিস কপি